নিশ্চয় রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আশূরার দিন সাওম পালন করেছেন।

ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, নিশ্চয় রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আশূরার দিন সাওম পালন করেছেন এবং লোকদেরকে সেদিনের সাওম পালনের নির্দেশ দিয়েছেন।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আলেমগণ এ ব্যাপারে একমত যে, আশূরার দিন সাওম পালন করা সুন্নাত; ওয়াজিব নয়। তবে তারা ইসলামের প্রাথমিক যুগে রমযানের সাওম ফরয হওয়ার পূর্বে যখন আশূরার সাওমের বৈধতা প্রদান করা হয়েছে, তখনকার হুকুমের ব্যাপারে মতানৈক্য করেছেন, তার সাওম ওয়াজিব ছিল কি না? যারা তখনকার সাওম ওয়াজিব বলেছেন, তাদের কথাকে বিশুদ্ধ মানলেও একাধিক সহীহ হাদীস দ্বারা সেটা রহিত করা হয়েছে। সেসব হাদীস থেকে আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহার বর্ণিত একটি হাদীস: কুরাইশগণ জাহেলি যুগে আশূরার দিন সাওম পালন করত। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমযানের সাওম ফরয হওয়ার পূর্ব পর্যন্ত আশূরার সাওম পালন করতে নির্দেশ দিয়েছেন। অতঃপর যখন রমযানের সাওম ফরয হলো তখন তিনি বললেন, “কেউ ইচ্ছা করলে আশূরার সাওম পালন করতে পারে, আবার কেউ চাইলে সেদিন সাওম পালন নাও করতে পারে।” বুখারী, (৩/২৪), হাদীস নং ১৮৯৩; মুসলিম, (২/৭৯২), হাদীস নং ১১২৫, দেখুন, শারহু মুসলিম (৮/৪); ফাতহুল বারী (৪/২৪৬)

https://sunnah.global/hadeeth/bn/show/10121